গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
শেরপুর, বগুড়া
(sherpur.bogra.gov.bd)

স্মারক সংখ্যা: ০৫.৫০.১০২৭.০০০.১৩.০০৩.২৬-৪৬৪

তারিখ : ০২ বৈশাখ, ১৪৩৩
১৫ এপ্রিল, ২০২৬

## জলমহাল ইজারা প্রদানের লক্ষ্যে ম্যানুয়াল আবেদনপত্র আহবান

## বিজ্ঞপ্তি নং ০২/১৪৩৩

ভূমি মন্ত্রণালয়, সায়রাত-১ অধিশাখা'র ২৪ ফেব্রুয়ারি, ২০২৬ খ্রি. তারিখের ৩১.০০.০০০০.০৫০.৬৮.০০২.২৫.১০৮/১(১৬) নং স্মারকপত্রের নির্দেশনার আলোকে "সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯" অনুযায়ী শেরপুর উপজেলা প্রশাসনের ব্যবস্থাপনাধীন (২০.০০ একরের নীচে বদ্ধ) ইজারাযোগ্য জলমহাল ১৪৩৩-১৪৩৫ বঙ্গাব্দ ০৩ (তিন) বছর মেয়াদে **২য়** পর্যায়ে ম্যানুয়েল পদ্ধতিতে আবেদনের মাধ্যমে ইজারা প্রদানের লক্ষ্যে নির্ধারিত সময়সূচী ও নিয়মাবলী/শর্তাবলী অনুসরণপূর্বক আবেদন আহবান করা যাচ্ছে। সকল প্রকৃত নিবন্ধিত মৎস্যজীবী সমবায় সমিতি উক্ত ইজারা আবেদন করতে পারবে। তবে কোন মৎস্যজীবী সমবায় সমিতি পাওয়া না গেলে নিম্নবর্ণিত ব্যক্তিবর্গের সমন্বয়ে গঠিত প্রকৃত নিবন্ধিত সমিতি আবেদন করতে পারবে : ক) বেকার যুবক, খ) মুক্তিযোদ্ধা/মুক্তিযোদ্ধার সন্তান, গ) যুব মহিলা, ঘ) বিধবা ও স্বামী পরিত্যক্তা, ঙ) আনসার, ভিডিপি ও গ্রামপুলিশ সদস্য, চ) দরিদ্র ও অসচ্ছল ব্যক্তি।

উল্লেখ্য যে, বিজ্ঞপ্তিতে প্রকাশিত ইজারাযোগ্য জলমহালের তফসিল, আয়তন, জলমহালের বাস্তব অবস্থান মামলা সংক্রান্ত তথ্য সম্পর্কে সম্পূর্ণ অবগত হয়ে ইজারা কার্যক্রমে অংশগ্রহন করতে হবে। ইজারা প্রাপ্তির পর কোন ধরণের দাবী/আপত্তি গ্রহণযোগ্য হবে না।

### দরপত্রের সময়সূচিঃ

| আবেদন ফরম বিক্রির তারিখ ও স্থান | ম্যানুয়ালি আবেদন দাখিলের তারিখ, সময় ও স্থান | আবেদন খোলার তারিখ |
|---|---|---|
| ১৬/০৪/২০২৬ হতে ২০/০৪/২০২৬<br>অফিস চলাকালীন সময়<br>উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, শেরপুর, বগুড়া<br>এবং উপজেলা ভূমি অফিস, শেরপুর, বগুড়া | ২৩/০৪/২০২৬<br>সকাল ৯:০০ টা হতে দুপুর ০১:০০ টা পর্যন্ত<br>উপজেলা নির্বাহী অফিসের রক্ষিত দরপত্র বক্সে<br>উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়<br>শেরপুর, বগুড়া | ২৩/০৪/২০২৬<br>দুপুর: ০৩.০০ ঘটিকা<br>উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়<br>শেরপুর, বগুড়া |

### বাংলা ১৪৩৩ হতে ১৪৩৫ সনের জন্য ইজারাযোগ্য জলমহালের তালিকা :

| ক্র: নং | জলমহালের নাম | ইউনিয়ন | মৌজা | দাগ নং | পরিমাণ | ৫% বৃদ্ধিতে সরকারি মূল্য (বাৎসরিক) | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | হাসড়াগাড়ী | কুসুম্বী | তাঁতড়া | ৪৩২/৭১ | ০.৭২ | ৯,৬০৯ | |
| ২ | চক সিংড়া | কুসুম্বী | কাশিপাড়া | ১৭৪/২৭৮ | ০.৫৩ | ১২,১৫৫ | |
| ৩ | নালুকাগাড়ী | কুসুম্বী | মদনগাড়ী | ১৪৮/২৮১ | ০.৫৬ | ১৫,৫১৩ | |
| ৪ | আন্দোলনগাড়ী | কুসুম্বী | মাদলবাড়ী | ২৪২/৪৭৭ | ০.৫২ | ৬,৬১৫ | |
| ৫ | ধাওয়াপাড়াপুকুর | কুসুম্বী | ধাওয়াপাড়া | ৭৯৯/১১১৪ | ১.২১ | ১৫,২৮১ | |
| ৬ | কুন্দলগাড়ী | কুসুম্বী | আমইন | ৫৭৪ | ০.৪৬ | ২,৮৯৪ | |
| ৭ | কোচারগাড়ী | কুসুম্বী | তাঁতড়া | ৩৯৪ | ০.৩৮ | ১৪,০৩৮ | |
| ৮ | বটগাড়ী | কুসুম্বী | তাঁতড়া | ৭৫ | ০.৬৪ | ১১,১১৩ | |
| ৯ | টিয়াগাড়ী | কুসুম্বী | তাঁতড়া | ২৬৬ | ০.৫১ | ৮,৯২৫ | |
| ১০ | কামালগাড়ী | কুসুম্বী | তাঁতড়া | ১২২ | ০.৪৫ | ৯,৩৮১ | |
| ১১ | ধনতলা | কুসুম্বী | তাঁতড়া | ৩৩০ | ০.৪৯ | ৯,৩৬৭ | |
| ১২ | চিত্রাগাড়ী | কুসুম্বী | তাঁতড়া | ১৪৭ | ০.৫১ | ১০,৭৪৩ | |
| ১৩ | দিঘিনালা | কুসুম্বী | কুসুম্বী | ১৩৯ | ০.৭৬ | ১১,৩১৩ | |
| ১৪ | ডাবরগাড়ী | কুসুম্বী | দারুগ্রাম | ৬০৬/৯৯৭৯ | ০.৬৮ | ২,৫৫৮ | |
| ১৫ | উত্তর পেঁচুল | কুসুম্বী | উত্তর পেঁচুল | ৩৬২ | ০.৮ | ৫,৬৫০ | |
| ১৬ | কুসুম্বী পুকুর | কুসুম্বী | কুসুম্বী | ৫৬৪ | ০.২৪ | ২,৭৫৬ | |
| ১৭ | উচলবাড়িয়া | কুসুম্বী | উচলবাড়িয়া | ৬২৯/৭২৩ | ০.৬৬ | ৮,৩২৫ | |
| ১৮ | ছোট শীতলাই | কুসুম্বী | লক্ষীকোলা | ১৭১ | ০.৩২ | ১৩,৭৮১ | |
| ১৯ | পান্তাগাড়ী | কুসুম্বী | লক্ষীকোলা | ১২২ | ০.৩২ | ১৩,৭৮১ | |
| ২০ | হাড়ীগাড়ী | কুসুম্বী | তাঁতড়া | ৩২৫ | ০.৫২ | ৬,৬১৫ | |
| ২১ | দুলুকপুকুর | কুসুম্বী | তাঁতড়া | ৩৬৭/৪৫৮ | ০.৭৮ | ৭,৮৭৫ | |
| ২২ | ধুমাতলা | খানপুর | গোপালপুর | ৩৫৭২ | ০.৯৫ | ২০,৯৪৮ | |

| ক্র: নং | জলমহালের নাম | ইউনিয়ন | মৌজা | দাগ নং | পরিমাণ | ৫% বৃদ্ধিতে সরকারি মূল্য (বাৎসরিক) | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| ২৩ | আকাশিদহ | খানপুর | খানপুর | ৩৬৫৩ | ৫.১৯ | ৫৯,১২৬ | |
| ২৪ | ভসতার পুকুর | খানপুর | গোপালপুর | ৫১৭৫ | ৩.১৪ | ৩৪,০২০ | |
| ২৫ | তেলিপুকুর | বিশালপুর | তেঘরী | ১৬৬ | ১.৬৯ | ১৬,৩২২ | |
| ২৬ | ভুটিয়াগাড়ী | বিশালপুর | ভাদার | ১২৪ | ০.৪৫ | ১৩,২৪২ | |
| ২৭ | হালালিয়াগাড়ী | বিশালপুর | কামালখাঁ | ৮৭ | ০.৩৩ | ৩,৫৮৯ | |
| ২৮ | মহিষাগাড়ী | বিশালপুর | কামালখাঁ | ২৫ | ০.৫৫ | ৬,৭৩৭ | |
| ২৯ | বাড়ীতলা | বিশালপুর | উদগ্রাম | ১৪১ | ০.৪৫ | ১৩,৩৪১ | |
| ৩০ | নৌকাগাড়ী | বিশালপুর | ভাদার | ২১৬/৩৭১ | ৩.৬১ | ২০,০৯৫ | |
| ৩১ | চামতাগাড়ী | বিশালপুর | তেঘরি | ৫০৬/৩৯ | ০.৮৪ | ১০,০৭২ | |
| ৩২ | ডোবা চরকগাড়ী | বিশালপুর | বামিহালি | ১১৫/৫৩৪ | ০.৯৯ | ২৭,৩০০ | |
| ৩৩ | হাঁসড়াগাড়ী | বিশালপুর | বেওড়াপাড়া | ২৪৫ | | ৭,১৬৬ | |
| ৩৪ | তরফদার | বিশালপুর | সিরাজনগর | ৩৫২ | ১.৬৭ | ১৭,৫৮৫ | |
| ৩৫ | তুলশিগাড়ী | বিশালপুর | ভাদাড় | ১৫০ | ০.১৫ | ২১,৫২৬ | |
| ৩৬ | আমবাড়িয়া | বিশালপুর | বিরাকৈর | ২৬৯/১২৮ | ০.৮৯ | ১৬,৫৩৮ | |
| ৩৭ | রাধুপুকুর | বিশালপুর | কহিতকুল | ২২৫ | ১.৯০ | ৬২,৫০০ | |
| ৩৮ | শ্মশানগাড়ী | বিশালপুর | তেঘরি | ৬০৬/২২৭৮ | ০.৮৪ | ২১,০০০ | |
| ৩৯ | শৈল্যাপুকুর | ভবানীপুর | তেরাইল | ৫৭৮ | ০.৬৫ | ৯,৩৭১ | |
| ৪০ | নসুরা | বিশালপুর | বিশালপুর | ৪১৪ | ২.১২ | ১৬,৮০০ | |
| ৪১ | কালিঠাকুর | বিশালপুর | বেওড়াপাড়া | ৭৩৬/১৪৬৬ | ২.২৪ | ৩৩,৬০০ | |
| ৪২ | নলুয়াগাড়ী | বিশালপুর | ভাদার | ৩১০/৪৭৮ | ০.৬ | ৭,৫৫৩ | |
| ৪৩ | চকগোলাম | সীমাবাড়ি | কালিয়াকৈর | ১০৫ | ০.৬৯ | ৪,৮৭৩ | |
| ৪৪ | বটপুকুরিয়া | খামারকান্দি | খামারকান্দি | ২৫২০ | ০.৬০ | ৩৮,৫৮৮ | |
| ৪৫ | কদিমুকুন্দ | মির্জাপুর | কদিমুকুন্দ | ৫৬৪/১০২৪ | ২.৩৪ | ২১,৪৯৯ | |
| ৪৬ | নাইয়ার পুকুর | ভবানীপুর | ভবানীপুর | ৫২৪ | ২.০৬ | ৬২,৮৯৫ | |
| ৪৭ | জয়লাদহ | সুঘাট | জয়লাজুয়ান | ২৩১ | ৩.৪০ | ৫৫,১২৫ | |
| ৪৮ | মথুরাপুকুর | গাড়ীদহ | মাগুরগাড়ী | ৩৪৪/৩৪৫ | ১.৯৬ | ২৭,১৯৫ | |

[বিঃদ্রঃ] বিজ্ঞ আদালত কর্তৃক কোন জলমহাল/ দাগ নিয়ে স্থিতাবস্থা/নিষেধাজ্ঞা/অনূরুপ আদেশে থাকলে উক্ত জলমহাল/দাগ ইজারা প্রদান করা হবে না।

## শর্তাবলী

১. সকল প্রকৃত নিবন্ধিত মৎস্যজীবী সমবায় সমিতি ইজারা আবেদন করতে পারবে। তবে কোন মৎস্যজীবী সমবায় সমিতি পাওয়া না গেলে সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি ২০০৯ এর ৪ (খ) মোতাবেক সমবায় অধিদপ্তর বা সমাজসেবা অধিদপ্তরের স্থানীয় অফিসে নিবন্ধিত নিম্নবর্ণিত ব্যক্তিবর্গের সমন্বয়ে গঠিত সমিতি আবেদন করতে পারবে :
   ক) বেকার যুবক
   খ) মুক্তিযোদ্ধা/মুক্তিযোদ্ধার সন্তান
   গ) যুব মহিলা
   ঘ) বিধবা ও স্বামী পরিত্যক্তা
   ঙ) আনসার, ভিডিপি ও গ্রামপুলিশ সদস্য
   চ) দরিদ্র ও অস্চছল ব্যক্তি
   তবে যে সমিতি জলমহালের নিকটবর্তী সে ইজারার জন্য যোগ্য বলে বিবেচিত হবে।
২. ১৪৩৩-১৪৩৫ মেয়াদে সকল জলমহালের আবেদন ম্যানুয়ালি করতে হবে।
৩. ২৩/০৪/২০২৬ তারিখে ম্যানুয়ালি আবেদন পত্র ও জামানতের মূল কপি সিলগালা মুখবন্ধ খামে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে দাখিল করতে হবে।
৪. কোন মৎস্যজীবী সমবায় সমিতি/সমিতি/প্রতিষ্ঠান দু'টির অধিক জলমহাল ইজারা/বন্দোবস্ত পাবেন না।
৫. চূড়ান্তভাবে ইজারাদেশ প্রদান করা ইজারাগ্রহীতাকে নির্ধারিত কোডে সমুদয় ইজারামূল্য, ভ্যাট ও আয়কর পরিশোধ করতে হবে।
৬. সকল সরকারি খাসবদ্ধ জলমহাল ০৩ (তিন) বছর মেয়াদে অস্থায়ীভাবে ইজারা প্রদান করা হবে।
৭. সমবায় অধিদপ্তর বা সমাজ সেবা অধিদপ্তর কর্তৃক নিবন্ধনকৃত প্রকৃত সমিতি/সংগঠন আবেদন করতে পারবে।

৮. আবেদনকারী মৎস্যজীবি সংগঠন/সমিতি যেগুলো বর্তমানে কার্যকর আছে তার প্রমাণ স্বরুপ উপজেলা সমবায়/সমাজ সেবা কর্মকর্তা (যেখানে যা প্রযোজ্য) কর্তৃক প্রত্যয়ন পত্র আবেদন পত্রের সাথে দাখিলসহ বিগত ০২ (দুই) বৎসরের অডিট রির্পোট দাখিল করতে হবে। তবে নতুন সংগঠন/সমিতির জন্য অডিট রিপোর্টের প্রয়োজন হবে না।

৯. আবেদনকারীকে উপজেলা নির্বাহী অফিসার, শেরপুর, বগুড়ার এর অনুকুলে উদ্বৃত মূল্যের ২০% সোনালী/অগ্রণী ব্যাংক হতে ডিডি/পে-অর্ডার (মূলকপি) আবেদনপত্রের সহিত দাখিল করতে হবে। উক্ত জামানতের অর্থ ইজারা মেয়াদ শেষ বছরের ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে।

১০. আবেদনকারীকে উপজেলা নির্বাহী অফিসার, শেরপুর, বগুড়ার অনুকুলে আবেদন ফি বাবদ ৫০০/- (পাঁচশত) টাকার অফেরতযোগ্য সোনালী/অগ্রণী ব্যাংক হতে ডিডি/পে-অর্ডার (মূলকপি) আবেদনপত্রের সহিত দাখিল করতে হবে।

১১. আবেদনপত্র অনুমোদন হওয়ার পর অনুমোদিত জলমহালের ইজারা গ্রহিতাদের অনুকুলে আলাদাভাবে পত্র জারী করা হবে ও অনুমোদিত সমিতির তালিকা এ অফিসের নোটিশ বোর্ডে টানানো হবে। প্রথম বৎসরের ইজারা মূল্যের অর্থ সরকারের জলমহাল ও পুকুর ইজারার জমার খাত ১/৪৬৩১/০০০০/১২৬১ নং কোডে এবং মোট ইজারা মূল্যের উপর ১০% আয়কর ১/১১৪১/০১৪০/০১১১ নম্বর এবং ১৫% ভ্যাট ১/১১৩৩/০০২০/০৩১১ নম্বর কোডে জমা দিয়ে চালানের মূলকপি নিম্ন স্বাক্ষরকারির কার্যালয়ে জমা দিতে হবে। উক্ত পত্রে ও নোটিশে নির্ধারিত সময়ের মধ্যে ভ্যাট, আয়কর সহ ইজারা মূল্য পরিশোধে ব্যর্থ হলে জামানত বাজেয়াপ্ত সহ ইজারা বাতিল করে পুনরায় ইজারা প্রদান করা হবে।

১২. ইজারা মেয়াদের ২য় বৎসরের বা তৎপরবর্তী বৎসরের ইজারা মূল্য বছর শুরু হওয়ার পূর্বে অর্থাৎ পূর্ববর্তী বৎসরের ২৩ চৈত্রের মধ্যে পরিশোধ করতে হবে। অন্যথায় ইজারা স্বয়ংক্রিয় ভাবে বাতিল হবে এবং জলমহাল পুণরায় ইজারা প্রদানের ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৩. ইজারা অর্থ আদায়ের পর এবং প্রস্তাবিত ইজারা মেয়াদ আরম্ভ হওয়ার পূর্বে ইজারা দাতাকে নিজ উদ্যোগে নির্ধারিত ফরমে (ভূমি ব্যবস্থাপনা ম্যানুয়েল মোতাবেক) ৩০০/-(তিন শত) টাকার নন-জুডিশিয়াল ষ্ট্যাম্পে চুক্তিপত্র সম্পাদন করতে হবে। অন্যথায় জলমহাল দখল হস্তান্তর করা হবে না।

১৪. ইজারা গ্রহিতা জলমহলের আয়তন হ্রাস বৃদ্ধি করতে পারবে না। কেউ যাতে অবৈধ অনুপ্রবেশ বা বেদখল করতে না পারে তা ইজারা গ্রহিতা নিশ্চিত করবেন।

১৫. ইজারা গ্রহিতা কোন জলমহাল সাবলীজ অথবা অন্যকোন ব্যক্তি/গোষ্ঠিকে হস্তান্তর করতে পারবে না এবং অন্য কোন উপায়ে তা ব্যবহার করতে পারবেনা। যদি উক্তরুপ কার্যকলাপ পরিলক্ষিত হয় বা প্রমানিত হয় তবে ইজারা বাতিল করে জলমহাল পুনরায় ইজারা প্রদান করা হবে।

১৬. ইজারা গ্রহিতা জলমহাল সীমারেখা বজায় রাখবেন। জলমহাল পাড়ে কোন বৃক্ষ থাকলে তা কর্তন করতে পারবেনা। তিনি নিজ দায়িত্ব ইজারাকৃত জলমহাল সরকারি সম্পত্তি সংরক্ষন করবে।

১৭. ইজারা গ্রহিতা জলমহাল পার্শ্বে বা ভিতরে কোন অবকাঠামো নির্মাণ করতে পারবে না।

১৮. কোন সমিতি ইতিপূর্বে লিজ নেয়া জলাশয়ের ইজারামূল্য বকেয়া থাকলে আবেদন ফরম গ্রহণের সময় বকেয়া পরিশোধের চালান কপি জমা দিতে হবে। ইজারামূল্য বকেয়া রেখে/ তথ্য গোপন করলে জলমহাল ইজারা প্রাপ্তির যোগ্যতা থাকবেনা।

১৯. ইজারা গ্রহিতা উর্দ্ধতন সরকারি কর্মকর্তা জলমহাল ব্যবস্থাপনা কমিটির সদস্য ও ক্ষমতা প্রাপ্ত কর্মকর্তাকে যে কোন সময়ে জলমহাল পরিদর্শনের সুযোগ দিতে ও পরিদর্শন কাজে সহায়তা করতে বাধ্য থাকবেন।

২০. বছরের যে কোন সময়ে ইজারা প্রদান করা হোক না কেন উক্ত ইজারা বছরের ০১ বৈশাখ হতে কার্যকর বলে গণ্য হবে।

২১. যে কোন আবেদন পত্র গ্রহণ বা বাতিল বা অন্য কোনরূপ সিদ্ধান্ত গ্রহণ করার ক্ষমতা উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি সংরক্ষন করে।

২২. বিষ প্রয়োগ করে মাছ নিধন করা যাবেনা।

২৩. সরকারি উন্নয়ন পরিকল্পনা কর্মসূচী বাস্তবায়নে যে কোন সময় জলমহালটি সরকারের অনুকূলে নেয়া যাবে।

২৪. কৃষি জমি চাষাবাদের প্রয়োজনে মৎস্য চাষে ব্যাঘাত না ঘটিয়ে পানি ব্যবহারের অনুমতি দিতে হবে।

২৫. ৩০ চৈত্র ১৪৩৫ বাংলা তারিখের পর স্বয়ংক্রিয়ভাবে ইজারার মেয়াদ শেষ হবে।

২৬. কোন মৎস্যজীবি সমিতি প্রথম জলমহালের ইজারা মূল্য বকেয়া রেখে ২য় জলমহাল ইজারা নিতে পারবেন না।

২৭. আবেদনকারী মৎস্যজীবি সমিতিকে আবেদনের সাথে উপজেলা নির্বাহী নির্বাহী অফিসার কর্তৃক প্রদত্ত ইজারা মূল্য পরিশোধের প্রত্যয়ন পত্র দাখিল করতে হবে।

(মো: সাইদুজ্জামান হিমু)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা জলমহাল ইজারা ব্যবস্থাপনা কমিটি
শেরপুর, বগুড়া
টেলিফোন : ০২৫৮৯৯০৯২০১
unosherpurbogra@mopa.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা ভূমি অফিস
শেরপুর, বগুড়া
www.acl.sherpur.bogra.gov.bd

স্মারক নং : ৩১.৫০.১০৮৮.০০০.০৫.০১৩.২৬. ৬৬০

তারিখ: ০২ বৈশাখ, ১৪৩৩
১৫ এপ্রিল, ২০২৬

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো (জৈষ্ঠতার ক্রমানুসারে নহে):

১। প্রশাসক, উপজেলা পরিষদ, শেরপুর, বগুড়া
২। অফিসার ইনচার্জ, শেরপুর থানা, বগুড়া
৩। উপজেলা ................................................................, শেরপুর, বগুড়া
৪। চেয়ারম্যান (সংশ্লিষ্ট সকল) ........................................... ইউনিয়ন পরিষদ, শেরপুর, বগুড়া
৫। জনাব, ................................................................, শেরপুর, বগুড়া
৬। অফিস কপি

১৫/০৪/২৬

(মো: মাহমুদুল হাসান)
সহকারী কমিশনার (ভূমি)
ও
সদস্য সচিব
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
শেরপুর, বগুড়া